# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৯৬৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. নামাযের ওয়াক্তসমূহ এবং এ সম্পর্কিত হাদীস বর্ণনায় মতভেদ।

بَابُ ذِكْرِ بَيَانِ الْمَوَاقِيتِ وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ

আরবী

وَكَذَلِكَ رُوِيَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ ، وَغَيْرِهِ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فِي تَعْجِيلِ الْعَصْرِ ، حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، وَمُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ النُّعْمَانِيُّ الْبَاهِلِيُّ ، قَالَا : نَا أَحْمَدُ بْنُ الْفَرَجِ أَبُو عُتْبَةَ ، ثَنَا مُحَمَّدُ بْنُ حِمْيَرٍ ، ثَنَا إِبْرَاهِيمُ بْنُ أَبِي عَبْلَةَ ، عَنِ الزُّهْرِيِّ ، عَنْ أَنَسٍ ؛ أَنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ كَانَ يُصَلِّي الْعَصْرَ وَالشَّمْسُ مُرْتَفِعَةٌ حَيَّةٌ ، فَيَذْهَبُ الذَّاهِبُ إِلَى الْعَوَالِي ، فَيَأْتِيهَا وَالشَّمْسُ مُرْتَفِعَةٌ .
وَالْعَوَالِي : مِنَ الْمَدِينَةِ عَلَى سِتَّةِ أَمْيَالٍ . وَكَذَلِكَ رَوَاهُ صَالِحُ بْنُ كَيْسَانَ ، وَيَحْيَى بْنُ سَعِيدٍ الْأَنْصَارِيُّ ، وَعَقِيلٌ ، وَمَعْمَرٌ ، وَيُونُسُ ، وَاللَّيْثُ ، وَعَمْرُو بْنُ الْحَارِثِ ، وَشُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ ، وَابْنُ أَبِي ذِئْبٍ ، وَابْنُ أَخِي الزُّهْرِيِّ ، وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ إِسْحَاقَ ، وَمَعْقِلُ بْنُ عُبَيْدِ اللَّهِ ، وَعُبَيْدُ اللَّهِ بْنُ أَبِي زِيَادٍ الرُّصَافِيُّ ، وَالنُّعْمَانُ بْنُ رَاشِدٍ ، وَالزُّبَيْدِيُّ ، وَغَيْرُهُمْ عَنِ الزُّهْرِيِّ ، عَنْ أَنَسٍ

বাংলা

৯৬৯(৮). অনুরূপভাবে আনাস (রাঃ) প্রমুখ সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আসরের নামায ওয়াক্তের শুরুতেই আদায় করা সম্পর্কে বর্ণিত আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসরের নামায পড়তেন সূর্য স্ব-অবস্থায় উদ্ভাসিত থাকতেই । অতঃপর কেউ আওয়ালীতে (মদীনার উপকণ্ঠে) যেতো এবং সেখানে পৌছতো, তখনো সূর্য উপরে থাকতো। আওয়ালী মদীনা থেকে ছয় মাইল দূরত্বে অবস্থিত।

এই হাদীস সালেহ ইবনে কায়সান, ইয়াহইয়া ইবনে সাঈদ আল-আনসারী, আকীল, মা’মার, ইউনুস, আল-লাইস, আমর ইবনুল হারিস, শুআইব ইবনে আবু হামযা, ইবনে আবু যিব, যুহরীর ভ্রাতুস্পুত্র, আবদুর রহমান ইবনে ইসহাক, মা’কিল ইবনে উবায়দুল্লাহ, উবায়দুল্লাহ ইবনে আবু যিয়াদ আর-রুসাফী, আন-নুমান ইবনে রাশেদ, আয-

যুবায়দী (রহঃ) প্রমুখ আয-যুহরী (রহঃ)-আনাস (রাঃ) সূত্রে পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80758

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন